



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website : www.bteb.gov.bd

স্মারক নং- বাকাশিবো(প-২)/৫৮৫(পোর্ট-৭)/২৪৪৮

তারিখঃ ২৪-০৯-২০১৬ খ্রিঃ

প্রাপকঃ

জনাব মোঃ আব্দুল আলিম

ইন্সট্রাক্টর

ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি

সিরাজগঞ্জ।

বিষয়ঃ উত্তরপত্র বিলম্বে ফেরত প্রদানের কারণে ভবিষ্যতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সকল কাজ হতে বিরত রাখা প্রসঙ্গে।

সূত্রঃ বাকাশিবো(প-২)/৫৮৫(পোর্ট-৭)/২৩৮৮, তারিখঃ ২৯-০৬-২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জুন-জুলাই ২০১৬ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের পরীক্ষার উত্তরপত্র পরীক্ষক হিসেবে আপনাকে নিয়োগ প্রদান করা হয়। সে মোতাবেক ০৫-০৮-২০১৬ তারিখে বোর্ড হতে এক বাউন্ডেল উত্তরপত্র গ্রহণ করেন। উত্তরপত্রসমূহ মূল্যায়ন শেষে গ্রহণের ১২ দিনের মধ্যে হাতে হাতে বোর্ডে জমা দেয়ার নির্দেশনা ছিল। কিন্তু আপনি যথাসময়ে উত্তরপত্র বোর্ডে জমা প্রদান করেননি। এ ব্যাপারে আপনার সাথে এবং আপনার প্রতিষ্ঠানের অধ্যক্ষের সাথে টেলিফোনে অনেক বার যোগাযোগ করা হলে উত্তরপত্র গ্রহণের ৪৬ দিন পরে বিগত ১৯-০৯-২০১৬ তারিখে উত্তরপত্রের বাউন্ডেলটি বোর্ডে পৌঁছে দেন। ইতোমধ্যে নির্ধারিত সময়ে ফলাফল প্রকাশের কাজের অংশ হিসেবে বিগত ০৫-০৯-২০১৬ তারিখে উত্তরপত্র প্রধান পরীক্ষণ এবং নিরীক্ষণের কাজ সমাপ্ত হয়। আপনার গ্রহণকৃত উত্তরপত্রগুলো বিলম্বে বোর্ডে ফেরত দেয়ার ফলে পরীক্ষার ফলাফল প্রস্তুত ও প্রকাশে বিঘ্নতা সৃষ্টি হয়েছে। তাছাড়া বিষয়টি আপনার দায়িত্বে চরম অবহেলা হিসেবে বোর্ডের নিকট প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ভবিষ্যতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সকল কাজ হতে আপনাকে বিরত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যা আপনাকে অবহিত করা হলো।

স্বাক্ষরিত/-

(প্রকৌশলী সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন- ০২-৯১১৩২৮৩

স্মারক নং- বাকাশিবো(প-২)/৫৮৫(পোর্ট-৭)/২৪৪৮(৭)

তারিখঃ ২৪-০৯-২০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অধ্যক্ষ, ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি, সিরাজগঞ্জ।
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

ফোনঃ ০২-৯১১৮৭৭৬